

# গণশক্তি

DAILY GANASHAKTI

22 January, Sunday, 2012

## চোখের অঙ্গোপচারের অত্যাধুনিক প্রযুক্তি

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ২১শে জানুয়ারি— চোখের অঙ্গোপচারের অত্যাধুনিক প্রযুক্তি লাসিক সার্জারি শুরু হলো কলকাতার শহীদ ভগৎ সিং উদ্যান (মিন্টু পার্ক)-এর পাশে প্রিয়ংবদা বিড়লা অরবিন্দ আই হাসপাতালে। শনিবার এই অত্যাধুনিক প্রযুক্তি সংবলিত যন্ত্র এবং অপারেশন থিয়েটারের উদ্বোধন করেন বিখ্যাত চিকিৎসক ডাঃ এম্প্রিয় শ্রীনিবাসন। অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণ দেন এম পি বিড়লা গ্রুপের চেয়ারম্যান হর্ষ ভি লোধা। এছাড়াও বক্তব্য রাখেন ডাঃ কুশল চৌধুরী, ডাঃ আর রেবতী, ডাঃ এস অরবিন্দ, ডাঃ জয়ংশু সেনগুপ্ত, ডাঃ অরুণতী বরঠাকুর প্রমুখ।

মাদুরাইয়ের অরবিন্দ আই হসপিটালের সহযোগিতায় প্রিয়ংবদা বিড়লা অরবিন্দ আই হাসপাতালে এই অত্যাধুনিক প্রযুক্তি সমন্বিত অপারেশন থিয়েটার ও অন্যান্য চিকিৎসা পরিষেবা তৈরি করা হয়েছে। যে প্রযুক্তি এখানে ব্যবহার করা হয়েছে, সেই জার্মান প্রযুক্তি এই মুহূর্তে বিশ্বের সব থেকে উন্নত লাসিক সার্জারি প্রযুক্তিগুলির মধ্যে অন্যতম বলে জানান এম পি বিড়লা গ্রুপের চেয়ারম্যান হর্ষ ভি লোধা। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, মাত্র তিরিশ হাজার টাকার প্যাকেজে দুই চোখেই এই লাসিক সার্জারি করা যাবে।